

২০২১

বাংলা — সাধারণ

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-A-1

(বাংলার সমাজ ও সংস্কৃতির ইতিহাস)

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'বাংলা কৃষিপ্রধান দেশ' — বাংলার অর্থনৈতিক ভিত্তি নির্মাণে কৃষির ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ১০
অথবা,
(খ) বাংলার ইতিহাসে হুসেনশাহী আমলের রাজনৈতিক ও সাংস্কৃতিক গুরুত্ব সম্পর্কে আলোচনা করো। ১০
- ২। (ক) উনিশ শতকের বাংলার সমাজসংস্কার আন্দোলনগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০
অথবা,
(খ) সাঁওতাল বিদ্রোহের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০
- ৩। (ক) প্রেক্ষাপট উল্লেখ করে বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের পরিচয় দাও। ১০
অথবা,
(খ) বরাক উপত্যকার ভাষা-আন্দোলনের পরিচয় দাও। ১০
- ৪। (ক) বাংলার লৌকিক ধর্মাচরণের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
অথবা,
(খ) 'বাংলার ভৌগোলিক পরিচয়ের ক্রমপরিবর্তন হয়েছে'। — আলোচনা করো। ৫
- ৫। (ক) উনিশ শতকের নবজাগরণের সার্থকতা বিষয়ে তোমার অভিমত দাও। ৫
অথবা,
(খ) অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠার উদ্দেশ্য ও কার্যক্রম সম্পর্কে আলোচনা করো। ৫
- ৬। দেশভাগজনিত উদ্ভাসু সমস্যার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
অথবা,
মতুয়া আন্দোলনের ঐতিহাসিক গুরুত্ব নির্ণয় করো। ৫

Please Turn Over

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

৫×১

- (ক) প্রাচীন বাংলার রাজনৈতিক ইতিহাসে 'মাৎস্যন্যায়'-এর স্বরূপ আলোচনা করো।
- (খ) সাধারণ জ্ঞানোপার্জিকা সভার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (গ) খাদ্য আন্দোলনের যে-কোনো একটি পর্ব বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) 'সদুক্তিকর্ণামৃত' কার লেখা?
- (খ) পাল রাজবংশের পর কোন রাজবংশ বাংলায় রাজত্ব করে?
- (গ) 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থটির রচয়িতা কে?
- (ঘ) কার আদেশে শ্রীকর নন্দী বাংলায় মহাভারত অনুবাদ করেন?
- (ঙ) বাংলার প্রথম এবং একমাত্র আফগান শাসকের নাম লেখো।
- (চ) চৈতন্যদেব কবে জন্মগ্রহণ করেছিলেন?
- (ছ) নীলবিদ্রোহ নিয়ে রচিত একটি বাংলা নাটকের নাম লেখো।
- (জ) ফকির বিদ্রোহের একজন নেতার নাম লেখো।
- (ঝ) 'বিদ্যোৎসাহিনী সভা'-র প্রতিষ্ঠাতা কে ছিলেন?
- (ঞ) স্বাধীন ভারতের প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন?
- (ট) 'রাজা প্রতাপাদিত্য চরিত্র' গ্রন্থের রচয়িতার নাম লেখো।
- (ঠ) নকশাল আন্দোলন বিষয়ে মহাশ্বেতা দেবী রচিত একটি উপন্যাসের নাম লেখো।
- (ড) দলিত আন্দোলনের একজন নেতার নাম লেখো।
- (ঢ) ১৯৪৬ খ্রিস্টাব্দে কোন বিদ্রোহ সংঘটিত হয়?
- (ণ) 'সওগাত' পত্রিকা কোথা থেকে প্রকাশিত হত?